দৈনিক সংবাদ

তারিখ ... OCT. 1 9 1999 ...
পৃষ্ঠা ১০ কলাম ৬ ....

05

# আইআইটিতে আসন সংখ্যা দ্বিগুণ করা হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

ইসলামিক ইনস্টিটিউট অফ টেকনোলজি (আইআইটি) শিগ্‌গিরই আসনসংখ্যা দ্বিগুণ এবং ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজিতে স্নাতকোত্তর কোর্স চালু করতে যাচ্ছে।

গতকাল সোমবার গাজীপুরের বোর্ড বাজারে আইআইটি ক্যাম্পাসে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় আইআইটির মহাপরিচালক ডঃ এম আনোয়ার হোসাইন একথা জানান। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক শামসুল আলম, ডঃ ইকবাল হোসেন, ডঃ মোতালেব, ডঃ ফজলে রাব্বী, ডঃ সেকান্দর আলী প্রমুখ।

মহাপরিচালক ডঃ এম আনোয়ার হোসাইন জানান, ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) সহযোগী প্রতিষ্ঠান আইআইটি সম্পূর্ণ আবাসিক একটি শিক্ষা প্রতিষ্ঠান। ফলে আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি না করে আসনসংখ্যা বাড়ানো যায় না। বর্তমানে ৪শ' ৮৪ জন ছাত্র পড়াশোনা করছে উল্লেখ করে তিনি বলেন, আগামীতে ১ হাজার ছাত্র ভর্তি করার পরিকল্পনা রয়েছে।

আইআইটিকে সেশনজটমুক্ত শিল্প প্রতিষ্ঠান হিসেবে বর্ণনা করে মহাপরিচালক বলেন, প্রতিবছরই প্রতিষ্ঠানের সনদপত্র বিতরণের তারিখ আগে থেকে নির্ধারণ করা থাকে। যথাসময়ে শিক্ষাদান সমাপ্ত করা হয় বলেই নির্ধারিত দিনে সনদপত্র বিতরণ করা সম্ভব হয়। আগামী ২২শে নভেম্বর অনুষ্ঠিতব্য সমাবর্তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আইআইটির ১৩তম ব্যাচের ছাত্রদের মধ্যে সনদপত্র বিতরণ করবেন বলে মহাপরিচালক জানান।

ওআইসিভুক্ত ৫৬টি দেশের মধ্যে ২২টি দেশ থেকে আসা ছাত্ররা আইআইটিতে বর্তমানে অধ্যয়ন করছে। বিশেষ কোন দেশকে বিশেষ কোন অগ্রাধিকার দেয়া হয় না। রাষ্ট্রের মনোনয়ন ও মেধার ভিত্তিতে ছাত্র বাছাই করা হয়। তবে বর্তমানে অধ্যয়নরত মোট ছাত্রের অর্ধেকই বাংলাদেশের বলে মহাপরিচালক জানান।

মতবিনিময় সভার শেষে ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগ সাংবাদিকদের ঘুরিয়ে দেখানো হয়। বিভিন্ন বিভাগের শিক্ষক ও ছাত্ররা একাডেমিক কার্যক্রম সম্পর্কে সাংবাদিকদের অবহিত করেন।